

১০ এপ্রিল, ২০২২ খ্রিস্টাব্দ



এডভোকেট প্রমোদ মানকিন, এমপি'র ৬ষ্ঠ মৃত্যু বার্ষিকী আগামীকাল ১১ মে, ২০২২ খ্রিস্টাব্দ

খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্টের ভাইস-চেয়ারম্যান ও বাংলাদেশ খ্রীষ্টান এসোসিয়েশন সাবেক প্রেসিডেন্ট প্রয়াত সমাজকল্যাণ প্রতিমন্ত্রী এডভোকেট প্রমোদ মানকিন, এমপি'র ৬ষ্ঠ মৃত্যু বার্ষিকী আগামীকাল ১১ মে, ২০২২ খ্রিস্টাব্দ। তাঁর এই ৬ষ্ঠ মৃত্যু বার্ষিকী উপলক্ষ্যে বাংলাদেশ খ্রীষ্টান এসোসিয়েশন, খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট এবং দি খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, ঢাকা-এর যৌথ উদ্যোগে আগামীকাল সকাল ৬.০০ ঘটিকায় হলি রোজারি চার্চ, তেজগাঁও, ঢাকায় এক বিশেষ খ্রিস্টযাগ ও প্রার্থনানুষ্ঠান অনুষ্ঠিত হবে। উক্ত খ্রিস্টযাগ ও প্রার্থনানুষ্ঠানে সকল খ্রিস্টভক্ত জনগণকে অংশগ্রহণ করার জন্য বিনীতভাবে অনুরোধ জানানো হয়েছে। উল্লেখ্য যে, প্রয়াত প্রতিমন্ত্রীর এই মৃত্যু বার্ষিকীতে তাঁর নিজ এলাকা হালুয়াঘাটে পারিবারিকভাবে ও দলীয়ভাবে বিভিন্ন কর্মসূচী পালন করা হবে। এ উপলক্ষ্যে বাংলাদেশ খ্রীষ্টান এসোসিয়েশনের প্রেসিডেন্ট নির্মল রোজারিও এবং মহাসচিব হেমন্ত আই কোড়াইয়া তাঁর আত্মার প্রতি গভীর শ্রদ্ধা জানিয়েছেন। তাঁরা বলেন জীবদ্দশায় প্রয়াত প্রতিমন্ত্রী দেশ ও সমাজের কল্যাণে নিবেদিত প্রাণ হিসেবে কাজ করেছেন। তাঁর এই অবদান কখনো ভুলার নয়। তাঁরা তাঁর আত্মার মঙ্গল কামনা করেছেন। প্রেস বিজ্ঞপ্তি।